সমকাল

তারিখ : 22 JAN 2017
পৃষ্ঠা ৭ কলাম ২

# ছাত্র ভর্তিতে অতিরিক্ত টাকা আদায়

■ গোপালগঞ্জ প্রতিনিধি

গোপালগঞ্জ

গোপালগঞ্জে বৌলতলী-সাহাপুর সম্মিলনী উচ্চ বিদ্যালয়ে ছাত্র ভর্তিতে শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশনা উপেক্ষা করে অতিরিক্ত ভর্তি ফি আদায় করা হয়েছে। এ বিদ্যালয়ে শিক্ষার্থী ভর্তিতে ৫০০ টাকার স্থলে ৯৩০ টাকা আদায় করা হয়েছে। বিদ্যালয়ের ৮০০ শিক্ষার্থীর কাছ থেকে ভর্তি বাবদ অতিরিক্ত ৩ লাখ ৪৪ হাজার টাকা আদায় করা হয়েছে।

ওই বিদ্যালয়ের শিক্ষার্থীর অভিভাবকরা গোপালগঞ্জ সদর উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার কাছে লিখিত অভিযোগ দায়ের করেছেন।

অভিযোগকারী অভিভাবক সদর উপজেলার কলপুর গ্রামের তাহাজ্জেদ হোসেন, বিরু মোল্লা, রুহুল আমিন ও সুরুজ মোল্লা বলেন, শিক্ষা মন্ত্রণালয় চিঠি দিয়ে ৫০০ টাকা ছাত্র ভর্তি ফি নির্ধারণ করেছে। ছাত্র ভর্তিতে ৫০০ টাকার বেশি আদায় করা যাবে না বলে ওই চিঠিতে উল্লেখ করা হয়েছে। কিন্তু বৌলতলী-সাহাপুর সম্মিলনী উচ্চ বিদ্যালয়ে ছাত্রছাত্রী ভর্তিতে ৫০০ টাকার স্থলে ৯৩০ টাকা আদায় করা হয়েছে।

বৌলতলী-সাহাপুর সম্মিলনী উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক এইচএম আশরাফুল আলম শিক্ষার্থী ভর্তিতে ৫০০ টাকার স্থলে ৯৩০ টাকা আদায়ের কথা স্বীকার করে বলেন, আমরা শিক্ষার্থীদের ভর্তিতে ৯৩০ টাকা আদায় করে ওই টাকারই রসিদ দিচ্ছি। এর মধ্যে ৪৫০ টাকা সেশন ফি ও ৫০ টাকা ভর্তি বাবদ আদায় করা হয়েছে। এ ছাড়া স্কাউট, পূজা, মিলাদ, খেলাধুলা, স্কুলের উন্নয়ন, রেড ক্রিসেন্ট ও শিক্ষার্থী কল্যাণসহ বিভিন্ন খাতে অতিরিক্ত ৪৩০ টাকা ভর্তির সময় আদায় করা হয়েছে। ভর্তিতে আদায়কৃত অতিরিক্ত টাকা আত্মসাতের কথা তিনি অস্বীকার করেন।

সদর উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা এসএম মোর্শেদ বলেন, ভর্তিতে অতিরিক্ত টাকা আদায়ের কোনো বিধান নেই। বৌলতলী-সাহাপুর সম্মিলনী উচ্চ বিদ্যালয়ে শিক্ষার্থী ভর্তিতে ৫০০ টাকার স্থলে ৯৩০ টাকা আদায় করা হয়েছে বলে অভিভাবকরা আমার কাছে লিখিত অভিযোগ করেছেন। ইতিমধ্যে তদন্ত কমিটি গঠন করা হয়েছে। তদন্ত কমিটি এ ঘটনার তদন্ত করে প্রতিবেদন দাখিল করবে। তদন্তে ঘটনার সত্যতা পেলে অভিযুক্তদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।